

[বায়াদ | □□d | ০

আয়াতঃ ৩৮: ৮৬

া আরবি মূল আয়াত:

قُل مَا اَسَلُكُم عَلَيهِ مِن اَجِرٍ قَ مَا اَنَا مِنَ المُتَكَلِّفِينَ ﴿٨٨﴾

বল, 'এর বিনিময়ে আমি তোমাদের কাছে কোন প্রতিদান চাই না আর আমি ভানকারীদের অন্তর্ভুক্ত নই। — আল-বায়ান

বল- আমি এর (অর্থাৎ সত্য-সঠিক পথের দিকে ডাকার) জন্য তোমাদের কাছে পারিশ্রমিক চাই না, আর আমি কোন ধোঁকাবাজ নই। — তাইসিরুল

বলঃ আমি এর জন্য তোমাদের নিকট কোন প্রতিদান চাইনা এবং যারা মিথ্যা দাবী করে আমি তাদের অন্তর্ভুক্ত নই। — মুজিবুর রহমান

Say, [O Muhammad], "I do not ask you for the Qur'an any payment, and I am not of the pretentious — Sahih International

৮৬. বলুন, আমি এর জন্য তোমাদের কাছে কোন প্রতিদান চাই না এবং আমি কৃত্রিমতাশ্রয়ীদের অন্তর্ভুক্ত নই।(১)

(১) অর্থাৎ আল্লাহ্ তা'আলা আমাকে যা দিয়ে পাঠিয়েছেন আমি তা থেকে কোন কিছু বাড়িয়ে বলব না, এর বাইরে বাড়তি কিছুই আমি চাই না। বরং আমাকে যা নির্দেশ দেয়া হয়েছে তাই আমি আদায় করে দিয়েছি। আমি এর চেয়ে কোন কিছু বাড়াবোও না, কমাবোও না। আমি তো শুধু এর দ্বারা আল্লাহর সন্তুষ্টি ও আখেরাতই কামনা করি। [ইবন কাসীর] মাসরুদ্ধক বলেন, আমরা আবদুল্লাহ ইবন মাসউদের নিকট আসলাম। তিনি বললেন, হে মানুষ! তোমরা কোন কিছু জানলে বলবে আর না জানলে বলবে, আল্লাহ্ জানেন। কেননা, জ্ঞানের কথা হচ্ছে, কেউ যদি কোন কিছু না জানে তবে বলবে, আল্লাহ জানেন। কারণ, আল্লাহ্ তা'আলা তোমাদের নবীকে বলেছেন, "বলুন, আমি এর জন্য তোমাদের কাছে কোন প্রতিদান চাই না এবং আমি কৃত্রিমতাশ্রয়ীদের অন্তর্ভুক্ত নাই।" [বুখারী: ৪৭৭৪; মুসলিম: ২৭৯৮]

তাফসীরে জাকারিয়া

(৮৬) বল, 'আমি উপদেশের জন্য তোমাদের নিকট কোন প্রতিদান চাই না[1] এবং যারা মিথ্যা দাবী করে, আমি তাদের অন্তর্ভুক্ত নই।[2]



- [1] অর্থাৎ, দাওয়াত ও তাবলীগ দ্বারা আমার উদ্দেশ্য একমাত্র আল্লাহর দ্বীন প্রতিষ্ঠা করা; পার্থিব কিছু স্বার্থ অর্জন করা নয়।
- وَمَا اَسَالُمُ اللهِ اَنْ نَتَكَلُفُ (सिंहन अर्था (स्वा अथन कथा, या आल्लाह वर्णनिन, जा आल्लाह वर्णहिन वर्ण हाणिय प्रवा अथन राम कथात पाउत्ता जार क्षेत्र पाउत्त जार प्रवा जार क्षेत्र पाउत्त कथान कथात पाउत्त पाउत्त वात प्रवा जार क्षेत्र जालाह वर्ण क्षेत्र पाउत्त कथान कथात पाउत्त विकेष्ठ (भाँ हि निहे। (عَلَيْ عَالَ क्षेत्र वाल्लाह वर्णने कर्णने वर्णने कर्णने वर्णने वर्णने कर्णने कर्णने वर्णने कर्णने कर्णने कर्णने कर्णने कर्णने वर्णने वर्

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4056

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন